# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী
## কালিগঞ্জ, সাতক্ষীরা

সভাপতি ঃ সাঈদ মেহেদী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ২৯-০৪-২০১৯

সময় ঃ বেলা ১১-৪৫ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ,

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করা হয়। উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদসহ উপস্থিত সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন । অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

১। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারো কোন আপত্তি না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

২। অস্থায়ী চেয়ারম্যান ও প্যানেল গঠন : উপজেলা পরিষদ আইন, ১৯৯৮এর ১৫ ধারা মোতাবেক (১) পরিষদ গঠিত হবার পর প্রথম সভার এক মাসের মধ্যে ভাইস চেয়ারম্যানগণ তাদের মধ্যে হতে অগ্রাধিকার ক্রমে দুই সদস্যবিশিষ্ট একটি চেয়ারম্যান প্যানেল নির্বাচিত করবেন।

(২) অনুপস্থিতি, অসুস্থতাহেতু বা অন্য কোন কারণে চেয়ারম্যান দায়িত্ব পালনে অসমর্থ হলে তিনি পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত চেয়ারম্যানের প্যানেল হতে অগ্রাধিকারক্রমে একজন ভাইস চেয়ারম্যান চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন

(৩) পদত্যাগ, অপসারণ,মৃত্যুজনিত অথবা অন্য যে কোন কারণে চেয়ারম্যানের পদ শুন্য হলে নতুন চেয়ারম্যানের কার্যভার গ্রহণ না করা পর্যন্ত চেয়ারম্যানের প্যানেল হতে অগ্রাধিকারক্রমে একজন ভাইস চেয়ারম্যান, চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন মর্মে নির্দেশনা রয়েছে । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত ঃ ভাইস চেয়ারম্যানদ্বয়ের মধ্যে হতে নামের আদ্যক্ষর অনুয়ায়ী প্যানেল চেয়ারম্যান নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক নিম্নবর্ণিতভাবে চেয়ারম্যান প্যানেল গঠন করা হয় ।

| ক্রমিক নং | নাম ও পদবী | প্যানেল |
|---|---|---|
| ১ | জনাব দিপালী রাণী ঘোষ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | প্যানেল চেয়ারম্যান ১ম |
| ২ | জনাব নাজিমুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | প্যানেল চেয়ারম্যান ২য় |

৩। কমিটি গঠন ঃ ২০১১ সনের ২১ নং আইন, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আ... অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন ধারা ২৯ মোতাবেক (১) পরিষদ তার কার্যবলী সুচারুরূপে সম্পাদন করার ... পরিষদ গঠিত হওয়ার পর ভাইস চেয়ারম্যান বা সদস্য বা মহিলা সদস্যগণ সমন্বয়ে নিম্নবর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে একটি করে কমিটি গঠন করার নির্দেশনা রয়েছে, যার মেয়াদ সর্বোচ্চ দুই বৎসর ছয় মাস হবে ঃ-

(ক) আইন - শৃংখলা;
(খ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন;
(গ) কৃষি ও সেচ;
(ঘ) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা;
(ঙ) প্রাথমিক ও গণশিক্ষা;
(চ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ;
(ছ) যুব ও ক্রীড়া উন্নয়ন;
(জ) মহিলা ও শিশু উন্নয়ন;
(ঝ) সমাজকল্যাণ;
(ঞ) মুক্তিযোদ্ধা;
(ট) মৎস্য ও প্রাণিসম্পদ;
(ঠ) পল্লী উন্নয়ন ও সমবায়;
(ড) সংস্কৃতি;
(ঢ) পরিবেশ ও বন;
(ণ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ;
(ত) অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ;
(থ) জনস্বাস্থ্য, স্যানিটিশন ও বিশুদ্ধ পানি সরবরাহ।

(২) পরিষদের ভাইস চেয়ারম্যানের মধ্যে হতে কমিটির সভাপতি নির্বাচিত হবেন।

(৩) সংশ্লিষ্ট বিভাগের উপজেলা অফিসার এ ধারার অধীন গঠিত কমিটির সদস্য-সচিব হবেন।

(৪) কমিটি অন্যূন ৫ (পাঁচ) জন এবং অনূর্ধ্ব ৭(সাত) জন সদস্য সমন্বয়ে গঠিত হবেএবং কমিটি, প্রয়োজনবোধে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কোন ব্যক্তিকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন মর্মে উল্লেখ রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত ঃ আগামী সভায় বর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে ৫ থেকে ৭ জন সদস্য সমন্বয়ে একটি করে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট সকল বিভাগীয় অফিসারগণকে এ বিষয়ে পরবর্তী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা

(২) সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা

৪. বিভাগীয় আলোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৪.০১। উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ<br><br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০১৮-১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্প তালিকা ইউনিয়ন পরিষদ চেয়াম্যানের নিকট হতে পাওয়া | (১) ইউনিয়ন পরিষদ হতে এডিপির প্রকল্প তালিকা প্রাপ্তির পরপরই বিশেষ সভা আহবান করে প্রকল্প তালিকা অনুমোদনের | ১.উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট সকল) কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| গেছে। তিনি আরো জানান ব্রীজ কালভার্ট নির্মাণের লক্ষ্যে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়েছে। দ্রুত যাচাই/ বাছাই করে ব্যবস্থা নেয়া হবে। তিনি আরো জানান তার অফিসে জনবল সংকট রয়েছে। ১ জন উপসহকারী প্রকৌশলী কর্মরত রয়েছেন ২ জন উপসহকারী প্রকৌশলীর পদ শুন্য রয়েছে। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, অত্র এলেকায় লোকাল বালির ও দ্রব্য,মুল্য বেশী হওয়ায় ঠিকাদারগণ কাজে অংশগ্রহণ করছেন না। এ প্রসংগে সভাপতি বলেন, খরা-মৌসুমে পানি স্বল্পতায় মৎস্য চাষীরা ক্ষতিগ্রস্ত হওয়ায় স্থানীয় মৎস্য খামার গুলো পলি পড়ে ভারাট হয়ে গেছে। তারা স্বেচ্ছায় বালি উত্তোলন করে পুকুর খননের শতভাগ সাশ্রয়ের লক্ষ্যে বালি উত্তোলন করে নেওয়ার জন্য বিভিন্ন সময়ে অনুরোধ করে আসছেন। উক্ত বালিগুলো স্থানীয়ভাবে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সহায়ক হতে পারে। জেলা প্রশাসক মহোদয়ের সাথে পরামর্শক্রমে প্রান্তিক চাষীদের লক্ষ লক্ষ টাকা পুকুর খনন অর্থ সাশ্রয়, মৎস্য উৎপাদনসহ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সহায়ক হবে। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) উপজেলা প্রকৌশলীর কার্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরাতে ২ জন উপ-সহকারী প্রকৌশলী পদায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্রযোগাযোগ করার জন্য উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br><br>(৩) সভায় সর্বসম্মতিক্রমে প্রান্তিক মৎস্য চাষীদের পুকুর খননের বালিগুলো উন্নয়ন কাজে ব্যবহারের প্রস্তাব জনস্বার্থে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ৪.০২। <u>মৎস্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । মাছ উৎপাদন বৃদ্ধির জন্য প্রশিক্ষণসহ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কিন্তু প্রচন্ড তাপ ও সহিষ্ণু তাপমাত্রা চিংড়ী ঘেরগুলির পানি সরবরাহের খালের অবৈধ দখলদারদের অপতৎপরতা, পর্যাপ্ত পানি সরবরাহ না থাকায় চিংড়ী উৎপাদন মারাত্মক হুমকির সম্মুখিন হচ্ছে। | মৎস্য বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.০৩। <u>স্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার তার বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভায় আলোকপাত করেন। তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে আপাততঃ কোন সমস্যা নেই মর্মে সভাকে অবহিত করেন। এ প্রসংগে চেয়ারম্যান মৌতলা ইউনিয়ন পরিষদ জানান মৌতলা FWV ক্লিনিকে কযেকটি মরা গাছ রয়েছে, যে গুলো অপসারণ করা প্রয়োজন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে এবং মৌতলা কমিউনিটি ক্লিনিকের মরা গাছ গুলো বিধিমতে বিক্রয়/ অপসারণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ৪.০৪। <u>দুর্যোগ ও ত্রাণ বিভাগের কার্যক্রম:</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সোলার সিস্টেম ২০১৮-১৯ অর্থ বছরে পিও পাওয়া গেছে। কোন ইউনিয়নে ঝড় বৃষ্টিতে ক্ষয়ক্ষতি হলে তথ্য প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় ।। ব্রীজ কালভার্ট | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। ব্রীজ কালভার্ট নির্মাণের লক্ষ্যে প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা<br><br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ |

| | | |
|---|---|---|
| নির্মাণের লক্ষ্যে প্রকল্প তালিকা চেয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে। তার বিভাগে আপাতত কোন সমস্যা নেই। | পুনঃ অনুরোধ জানানো হয়। | (সকল) কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ জানান যে,প্রাণিসম্পদের শিল্পায়ন, বাংলাদেশের উন্নয়ন। বর্তমানে প্রাণিসম্পদ মাঠ স্কুল বাস্তবায়ন করা হচ্ছে । তবে ভেটেরিনারি সার্জনের পদটি দু'বছর যাবৎ শুন্য থাকায় চিকিৎসা ব্যবস্থাপনায় অসুবিধা সৃষ্টি হচ্ছে। তিনি বর্ণিত শুন্যপদ পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। | কালিগঞ্জ উপজেলা প্রাণি সম্পদ বিভাগে ভেটেরিনারি সার্জন পদ পূরণের নিমিত্ত সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ করার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.০৬। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে মাতৃত্বভাতা সম্পন্ন বিতরণ সম্পন্ন হয়েছে। প্রতি ইউনিয়ন পরিষদ হতে ১৮ জন মাতৃত্বভাতা পাবেন। ২০১৯-২০ অর্থ বছরের প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। ভাতাভোগী সকল মহিলাদের নিয়ে মা সমাবেশের আয়োজন করতে হবে। ভাতা ভোগীদের প্রশিক্ষণ দেয়া এবং উঠান বৈঠাক এ আয়োজন করতে হবে। | ভাতাভোগী সকল মহিলাদের নিয়ে মা সমাবেশের আয়োজন করতে হবে এবং ভাতা ভোগীদের প্রশিক্ষণ দেয়া এবং উঠান বৈঠাক এ আয়োজন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.০৭। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ<br><br>উপজেলা কৃষি অফিসার জানান যে, তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা নেই। এ বছর যথাসময়ে বৃষ্টির কারণে ফসলের অবস্থা সন্তোষজনক। ২০১৭ জৈব কৃষি নীতিমালা প্রণয়ন হয়েছে। এখন কৃষকদের বাড়ীতে জৈব সার থাকবে। অল্প টাকায় বেশি মানুষদের মাঝে কৃষি বিভাগ কাজ করতে পারবে। তিনি আরো জানান রাস্তার পাশে রেইনট্রি বা শিশু ফুল গাছে জায়ন্টি মিলিবাগের যে মহামারি আক্রমন দেখা দিয়েছে তা প্রতিরোধে একটা বুম স্প্রেয়ার প্রয়োজন। তিনি আরো জানান যে, জলাবদ্ধতা নিরসনে কৃষি উপাদন বাড়িয়ে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে এবং লবনপানির দীর্ঘদিন চাষের ফলে ইকো সিস্টেমের যে ক্ষতি সাধিত হচ্ছে শস্য আবর্তনের নিশ্চিত করতে এবং জরবায়ু পরিবর্তনে ঝুকি হ্রাসে টেকসই অবকাঠামো রক্ষার্থে মাল্টিপারপাস ক্ষতি থেকে উত্তরণ পেতে অতিদ্রুত চিংড়ী ও মৎস্য খামার মূল্যবান রাস্তা হতে পৃথক করলে মৎস্য চাষের ঝুকি হ্রাস, খাদ্য নিরাপত্তায় কৃষি উৎপাদন বৃদ্ধিসহ কোটি কোটি টাকার অবকাঠামো | (১) উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে । রাস্তার পাশে রেইনট্রি বা শিশু ফুল গাছে জায়ন্টি মিলিবাগের যে মহামারি আক্রমন দেখা দিয়েছে তা প্রতিরোধে একটা বুম স্প্রেয়ার ক্রয় করতে সম্ভাব্য কত টাকা প্রয়োজন হতে পারে তা জেনে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) উদ্ভাবন ও উন্নত অবকাঠামো দীর্ঘস্থায়ী অবকাঠামো তৈরী করা, অন্তর্ভুক্তিমূলক ও উদ্ভাবন উৎসাহিত করে সম্পদের দায়ীত্বপূর্ণ ব্যবহার, টেকসই ভোগ | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| রক্ষার্থে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করা অত্যন্ত জরুরী। উপজেলা প্রকৌশলী, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, উপজেলা প্রাণিসম্পদ অফিসার উক্ত প্রস্তাবের পক্ষে ব্যাপকভাবে স্বাগত জানান এবং প্রস্তাবটি এসডিজি বাস্তবায়নে ব্যাপক সহায়ক ভূমিকা রাখিতে পারবে বলে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদকে অনুরোধ করেন। | ও উৎপাদন রীতি নিশ্চিত করা।<br><br>জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় ভূমির টেকসই ব্যবহার করে পৃথিবীর ইকোসিস্টেমের সুরক্ষা, পুনর্বহাল ও টেকসই ব্যবহার করা, টেকসইভাবে বন ব্যবস্থাপনা, মরুকরণ রোধ ভূমিক্ষয় রোধ বন্ধ করা এবং জীববৈচিত্র্যের ক্ষতি রোধ করা, স্বাস্থ্য ও খাদ্য নিরাপত্তায় কৃষি কর্মকর্তার প্রস্তাবটি অত্র উপজেলার এসডিজি এর লক্ষ্য অর্জনে সর্বাপেক্ষা জনগুরুত্বর্পূণ বিধায় পরিষদ সভায় সকল সদস্য বাস্তবায়নের সম্মতিদেন । সভায় সুনিদিষ্ট কর্মপরিকল্পনার প্রয়োজন বিধায় আগামী সভায় নিবিড়ভাবে পরিকল্পপনা প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়। | |
| ৪.০৮। <u>উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ সভায় জানান যে, স্লিপের টাকা দিয়ে প্রতিটি স্কুলে ডিজিটাল হাজিরার সফটওয়ার স্থাপনের জন্য পত্রের আলোকে অপলাইন সিস্টেম এর পরিবর্তে অনলাইন ডিজিটাল সিস্টেম স্থপিত হলে শিক্ষক, ছাত্র হাজিরা, প্রবেশপত্র , টেবুলেশন সিট, সেকশনওযারী রিজাল্ট সিট, চাহিদাপত্র প্রস্তুর্ত করতে ও মার্কশীট প্রস্তুত করতে সহজ ও সহায়ক হবে এবং শিক্ষা কার্যক্রম নিবিঢ় পর্যবেক্ষণ ডিজিটাল সিস্টেমে শিক্ষা কার্যক্রম সহজ হবে। সে কারণে অনলাইন ডিজিটাল স্লিপের অর্থ দিয়ে ক্রয়ের জন্য সভাপতির পরামর্শক্রমে মানসম্মত শিক্ষা বাস্তবায়নে প্রতিটা স্কুলে ক্রয়ের জন্য সর্বসম্মত সুপারিশ করেন এবং যে সমস্ত স্কুলে বিদ্যুৎ সংযোগ নেই সেই সকল স্কুলে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য সঙশ্লিষ্ট দপ্তরের সাথে পত্রযোগাযোগ করার জন্য প্রস্তাব করা হয়। | (১) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন জরাজীর্ণ ভবনের তালিকা দাখিলের জন্য উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br><br>(২) অনলাইন ডিজিটাল, স্লিপের অর্থ দিয়ে ক্রয়ের জন্য সভাপতির পরামর্শক্রমে মানসম্মত শিক্ষা বাস্তবায়নে প্রতিটা স্কুলে ক্রয়ের জন্য সর্বসম্মত সুপারিশ করা হয়। যে সমস্ত স্কুলে বিদ্যুৎ সংযোগ নেই সেই সকল স্কুলে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য সঙশ্লিষ্ট দপ্তরের সাথে পত্রযোগাযোগ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ৪.৯। **উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম** ঃ<br><br>উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো জানান সেপ্টিনেট প্রোগ্রাম কার্যক্রম বাড়াতে হবে। নতুন ভাতাভোগীর তালিকা ইতোমধ্যে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণের নিকট হতে পাওয়া গেছে। | (১) উপজেলা সমাজসেবা কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>(২) উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় হতে বয়স্কভাতা, প্রতিবন্ধীভাতা, বিধবাভাতাভোগীদের সেবা প্রদানে সহজীকরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.১০। **উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম** ঃ<br><br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের ক বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.১১। **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম** ঃ<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মা সমাবেশ, উঠান বৈঠাক প্রভৃতি কার্যক্রম করা হচ্ছে। দম্পত্তি রেজিস্ট্রেশন কার্যক্রম চলছে। হিউম্যান ডেভ্যালেপমেন্ট এবং পুষ্টি নিয়ে কাজ করা হচ্ছে। মাতৃত্ব মৃত্যুর হার বর্তমানে ২%। তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.১২। **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম** ঃ<br><br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ এর প্রতিনিধি জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ৪.১৩। **উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম**<br><br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীও চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.১৪। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম ঃ<br><br>সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম** বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ৪.১৫। <u>জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(ভারপ্রাপ্ত) কালিগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই । তিনি সভায় আরো জানান যে, ২০১৮-১৯ অর্থবছরে কালিগঞ্জ উপজেলাতে তার বিভাগের তত্ত্বাবধানে অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে ৪৫টি গভীর নলকূপ ও ৬৬টি তারা গভীর নলকূপ স্থাপন, ৯৫টি রেইন ওয়াটার হারভেস্টার বরাদ্দ পাওয়া যায়; যার কাজ চলমান রয়েছে । দ্বিতীয় পর্যায়ে ৪৫টি গভীর নলকুপ ও ৬৬টি তারা গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায় । যার স্থান নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে । এ প্রসংগে জানানো হয় উপসহকারী প্রকৌশলী কর্মরত না থাকায় অফিসের কার্যক্রম ব্যহত হচ্ছে । বিষয়সমূহ নিযে সভা বিস্তারিত আলোচান হয় । | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। এ উপজেলায় উপ-সহকারী প্রকৌশলী পদায়নের জন্য সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। | উপ -সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪.১৬। <u>বন বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় বন বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন । তিনি জানান ২০১৮-১৯ অর্থবছরে চারা উত্তোলন ও বাগান সৃজনের লক্ষ্য মাত্র অনুন্নয়ন খাতে বিক্রয় / বিতরণের জন্য চারা উত্তোলন ১৫,০০০ টি, তাছাড়া বাংলাদেশের পাঁচটি উপকূলীয় জেলায় বনায়ন শীর্ষক প্রকল্পের আওতায় বাগান সৃজন (১) নারিকেল বাগান সৃজন ১,৬০০ টি, (২) সুপারী বাগান সৃজন ৮,৯১২ টি, বিভিন্ন প্রতিষ্ঠানে চারা রোপন ৩,৫০০টি করা হয়েছে। | আগামী অর্থ বছরের জন্য প্রণীত কর্ম পরিকল্পনা অনুযায়ী বৃক্ষ রোপন কার্যক্রম বাস্তবায়নের জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সভায় অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ৪.১৭। <u>খাদ্য বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। আমন চাল সংগ্রহ অভিযান চলছে । ১৩০৪ মেঃটন লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। অর্জন প্রায় কাছাকাছি পৌছে গেছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখাতে হ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ৫. <u>উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন</u><br><br>(ক) সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে কালিগঞ্জ থানার সামনে এবং বাজারে সিসি ক্যামেরা স্থাপন প্রকল্পটি বিগত সভায় গ্রহণ করা হয়। প্রকল্পটি বাস্তবায়ন করতে ভ্যাটসহ ১,৫৫,৯৪০/- (একলক্ষ পঞ্চান্ন হাজার নয়শত চল্লিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) ২০১৮-১৯ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে "উপজেলা পরিষদসহ কালিগঞ্জ থানা ও বাজারে সিসি ক্যামেরা স্থাপন" প্রকল্পটির অনুকূলে ব্যয়িত ১,৫৫,৯৪০/- (একলক্ষ পঞ্চান্ন হাজার নয়শত চল্লিশ) টাকা অনুমোদন করা হয় | (১) উপজে প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ<br>(৩) চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ |
| (খ) সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অর্থ ব্যয়ের নির্দেশনা থাকায় এ উপজেলায় জনৈক দরিদ্র ব্যক্তির গরু মারা যাওয়ায় তাকে আর্থিক সহযোগিতা করার বিষয়ে আলোচনা করা হয়। | (খ) ২০১৮-১৯ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (গ) সভায় জানানো হয় যে, নব নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস ডেকোরেশনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালিগঞ্জ স্মারক নং ৩৩৬ তারিখ ২১/০৪/২০১৯ মুলে অনুরোধ জানিয়েছেন। সভায় জানানো হয় যে, চেয়ারম্যানের অফিস রুমে বসার মত ভাল চেয়ার, টেবিল ও অফিসিয়াল সামগ্রী না থাকায় অফিস রুমটি বসার অনুপর্যুক্ত হয়ে আছে । সে জন্য অতিদ্রুত অফিস ডেকোরেশন করার জন্য অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (গ) নব নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিসে বসার জন্য প্রয়োজনীয় চেয়ার,টেবিলসহ ডেকোরেশন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে একটি প্রকল্প গ্রহণের এবং ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠণ করা হয়।<br>কমিটি<br>(১) উপজেলা প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ- আহবায়ক<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ- সদস্য<br>(৩) চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউনিয়ন পরিষদ- সদস্য সচিব | |
| (ঘ) উপজেলা পরিষদ কনফারেন্স রুম ডেকোরেশন সংক্রান্তঃ-<br>সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদ উপজেলার সর্বোচ্চ ফোরাম, উপজেলা পরিষদ সভা থেকে উপজেলার সকল উন্নয়নের কর্মপরিকল্পনা গ্রহণসহ যাবতীয় কর্মপরিকল্পনা গ্রহণ করা হয় অথচ উপজেলা পরিষদের সদস্যগণের বসার জন্য উপজেলা পরিষদ কনফারেন্স রুমে ভাল আসবাব পত্র নেই। রুমটিও সংস্কার করা প্রয়োজন । রুমটি বসার উপযোগী করতে হলে (১) রিপিয়ারিং কাজ (২) টাইলস ফিটিং (৩) ইলেকট্রিক কাজ (৪) জানাল (৫) সিলিং (৬) ডোর (৭) ওয়াল কাভারিং (৮) টেবিল, চেয়ার (৯) পর্দা প্রভৃতি কাজ করাতে হবে বর্নিত কাজ করতে হলে আনুমানিক দশ লক্ষাধিক টাকার প্রয়োজন হবে। বিষয়সমুহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ঘ) উপজেলা পরিষদ কনফারেন্স রুম ডেকোরেশন-এর জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে একটি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে বিস্তারিত প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ৬. উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণ বিষয়ক <u>আলোচনা</u> ঃ<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে উপজেলা পরিষদের ০৬/০৫/২০১৮ তারিখের বিশেষ সভায় এডিপি /২০১৭-২০১৮ অর্থ বছরে উপজেলা পরিষদ কর্তৃক ''যুব উন্নয়ন ও সমাজকল্যাণে ট্রেনিং বাবদ ১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার ) টাকার" প্রকল্প গ্রহণ করা হয়। তাছাড়া এডিপি/২০১৭-২০১৮ এর আওতায় সাশ্রয়কৃত অর্থে '' দক্ষিণ শ্রীপুর ইউনিয়নে '' উত্তর শ্রীপুর কবিরের বাড়ীর পার্শ্ব হতে হারুনের বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ ১,০০,০০০/- (একলক্ষ)টাকা " প্রকল্পটি প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহন করা হয় কিন্তু ৩০ জন,২০১৮ এর মধ্যে বর্ণিত প্রকল্পে কাজ সমাপ্ত না হওয়ায় বিল উত্তোলন করা যায়নি। ইতোমধ্যে কাজ শেষ করে প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান বিল ভাউচার দাখিল করেছেন। ২০১৭-১৮ অর্থ বছরে এডিপির গৃহীত প্রকল্পের অর্থ ৩০ জুন/১৮ পরে এডিপি/১৭-১৮ অর্থ বছরের খাত হতে পাওয়া যাবে না বিধায় বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | এডিপি /২০১৭-২০১৮ অর্থ বছরে উপজেলা পরিষদ কর্তৃক ''যুব উন্নয়ন ও সমাজকল্যাণে ট্রেনিং বাবদ ১,২০,০০০/- (একলক্ষ বিশ হাজার ) টাকার" প্রকল্প এবং এডিপি/২০১৭-২০১৮ এর আওতায় সাশ্রয়কৃত অর্থে '' দক্ষিণ শ্রীপুর ইউনিয়নে '' উত্তর শ্রীপুর কবিরের বাড়ীর পার্শ্ব হতে হারুনের বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ- ১,০০,০০০/- (একলক্ষ) টাকা " প্রকল্পটির অর্থ ২০১৭-১৮ অর্থ বছরে ৩০ জুন/১৮ পরে আর পাওয়া যাবে না বিধায় প্রকল্প দু'টির বিল ১,২০,০০০ + ১,০০,০০০/-= ২,২০,০০০/- (দুইলক্ষ বিশ হাজার টাকা ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রকল্প কমিটির চেয়ারম্যান বরাবর ছাড় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(৩) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| **৪ . বিবিধ:**<br>ক) <u>ই-সেবা কেন্দ্র সংক্রান্ত</u> ঃ<br>সভায় জানানো হয় যে, সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসেবে ইতোমধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে ই-সেবা কার্যক্রম চালু করা হয়েছে। জেলা প্রশাসনের অনুরূপ কার্য সম্পাদনের লক্ষ্যে উপজেলা পর্যায়ে ই-সেবা কার্যক্রম শুরু হয়েছে। অত্র উপজেলার ৩০টি সরকারি অফিসে রাউটারের মাধ্যমে ইন্টারনেট সংযোগের কার্যক্রম চলছে। বিষয়টি এলাকার জনসাধারণকে অবহিত করা প্রয়োজন। সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয়। | উপজেলা পর্যায়ের ইন্টারনেট সম্পর্কে জনসাধারণকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয় | (১) সকল বিভাগীয় কর্মকর্তাগণ কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কালিগঞ্জ, সাতক্ষীরা |
| (খ) **<u>ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত</u>** ঃ<br>সভায় জানানো হয় যে, সরকার প্রতিটি ইউনিয়নে ডিজিটাল সেন্টার স্থাপন করেছেন। এ **"ডিজিটাল সেন্টার"** এর মাধ্যমে জনসাধারণ বর্তমান প্রযুক্তিগত বিভিন্ন সুবিধা দোরগোঁড়ায় পৌছে গেছে। তাছাড়া বর্তমানে অন-লাইনে জন্ম নিবন্ধন কার্যক্রম চলছে। বিষয়টি এলাকার জনসাধারণকে অবহিত করার জন্য/প্রচারের জন্য সকলকে অনুরোধ করা হয়। তাছাড়া ইউনিয়ন ওয়েব পোর্টাল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।**"ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেম"** এ উদ্যোক্তারা তাদের আয়ের তথ্য | উদ্যোক্তাদের মাধ্যমে ওয়েব পোর্টাল হাল নাগাদ করার কার্যক্রম প্রতিনিয়ত পর্যালোচনা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| প্রতিনিয়ত আপলোড করছে। ওয়েব পোর্টালে তথ্যাদি হালনাগাদ নেই। উদ্যোক্তাদের মাধ্যমে ওয়েব পোর্টাল হাল নাগাদ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। | | |
| (গ) <u>উপজেলা পরিষদের আবাসিক ভবন বরাদ্দ প্রদান সংক্রান্ত</u> ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অধিকাংশ ভবন জরাজীর্ণ হয়ে গেছে। কর্মকর্তা / কর্মচারীগণ তাদের প্রাপ্য বাড়ী ভাড়া দিয়ে উপজেলা পরিষদের বর্ণিত ভবনে কেউ বসবাস করতে চান না। একটা নিদিষ্ট অর্থ বেঁধে দিলে তারা উক্ত ভবনে বসবাস করতে আগ্রহী থাকেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের আবাসিক ভবনের ভাড়া নিদিষ্ট করে দেয়া যাবে কিনা, ভবিষ্যতে অডিট আপত্তি হবে কিনা, আইনগত জটিলতা রয়েছে কিনা এসব বিষয় বিবেচনা রেখে উপজেলা পরিষদ বাসা বরাদ্দ নীতিমালা মোতাবেক প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালগঞ্জ, সাতক্ষীরা। |
| (ঘ) <u>উপজেলা পরিষদের গেস্ট রুম ভাড়া প্রদান সংক্রান্তঃ</u><br><br>সভায় জানানো হয় যে, উপজেলা সদরে উর্দ্ধতন কর্মকর্তাদের রাত্রি যাপনের লক্ষে উপজেলা নির্বাহী অফিসারের অফিস ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ করে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে গেস্ট রুম নির্মাণ করা হয়েছে। এখানে ১ টি ভিআইপি বেড রুম ও ২ টি নরম্যাল রুম নির্মাণ করা হয়েছে। উক্ত রুমের ভাড়া নির্ধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ভিআইপি গেস্ট রুমের দৈনিক ভাড়া ২০০/- (দইশত ) টাকা এবং নরম্যান রুম/ প্রতিসিটের ভাড়া দৈনিক ১০০/- (একশত) টাকা বিগত সভায় নির্ধারণ করা হয়। যা সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়। ভাড়ার টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| (ঙ) সভায় জানানো হয় যে, বাংলাদেশ পানি উন্নয়ন রোর্ড এর অধীন কালিগঞ্জ উপজেলার অর্ন্তগত পোল্ডার নং-৫ এর শিবপুর নামক স্থানে স্লুইচ গেট নং ডি.এস-৭ দ্বারা কিছু ব্যক্তি / চিংড়ী ঘের মালিক অবৈধভাবে পোল্ডার অভ্যন্তরে লবন পানি প্রবেশ করিয়ে থাকে। এ বিষয়ে স্থানীয় কতিপয় ব্যক্তিবর্গ পোল্ডার অভ্যান্তরে লবন পানি না উঠানোর জন্য মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২১৮৪/২০১৭ দায়ের করেন।মহামান্য হাইকোর্ট কর্তৃক উক্ত স্লুইচ গেট বন্ধ রাখা এবং লবন পানি না উঠানোর জন্য নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে পানি উঠানোর পক্ষের লোকজনের দায়েকৃত লীভ টু আপিল নং ১৯৮৪/২০১৭ খারিজ হয়ে যায়। বিগত ২২/০৪/২০১৯ তারিখ আনুমানিক ৫০-৬০ জন ব্যক্তিবর্গ উক্ত স্লুইচ গেট | (ঙ) মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২১৮৪/২০১৯ এর নির্দেশনার আলোকে কেউ যাতে<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর অধীন কালিগঞ্জ উপজেলার অর্ন্তগত পোল্ডার নং-৫ এর শিবপুর নামক স্থানে স্লুইচ গেট নং ডি.এস-৭ দ্বারা পোল্ডার অভ্যন্তরে উক্ত স্লুইচ গেট দ্বারা কোনরূপ লবণ পানি উত্তোলন করা হতে বিরত থাকার সিদ্ধান্ত এবং কলকলিয়া খাল জনস্বার্থে ইজারা কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(৩) অফিসার ইনচার্জ, কালিগঞ্জ থানা<br>(৪)উপ-সহকারী প্রকৌশলী<br>কালিগঞ্জ পওর শাখা-২ বাপাউবো, কালিগঞ্জ<br>(৫) চেয়ারম্যান, রতনপুর ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| দ্বারা পোল্ডার অভ্যন্তরে লবণ পানি উত্তোলন করেন। বর্তমানেও উক্ত লবন পানি উত্তোলন কার্যক্রম অব্যাহত রয়েছে । মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২১৮৪/২০১৯ এর নির্দেশনার আলোকে কেউ যাতে পোল্ডার অভ্যন্তরে উক্ত স্লুইচ গেট দ্বারা কোনরূপ লবণ পানি উত্তোলন করতে না পারে এবং কলকলিয়া খাল দিয়ে লবনপানি উঠানো যাবে না জনস্বার্থে ইজারা কার্যক্রম স্থগিত রাখার বিষয়ে আলোচনা করা হয়। খালের সীমানা নির্ধারণ বিষয়ে আলোচনা করা হয়। | গৃহীত হয়। স্থানীয় চেয়ারম্যান, আমিন, ইউনিয়ন পরিষদ সদস্য সমম্বয়ে খালের সীমানা নির্ধারণ করতে হবে। | |
| (চ) সভায় জানানো হয় যে, রাস্তার ধারে ঘের করতে হলে আউট ড্রেন রেখে, রাস্তা ছেড়ে ঘের করতে হবে। এ উপজেলার রাস্তার ধারে যে সমস্ত ঘের রয়েছে সে সকল ঘের মালিকের নামসহ ঘেরের তালিকা তৈরী করার বিষয়ে আলোচনা করা হয়। | (চ) এ উপজেলার রাস্তার ধারে যে সমস্ত ঘের রয়েছে সে সকল ঘের মালিকের নামসহ ঘেরের তালিকা তৈরী করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা কে অনুরোধ জানানো হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

তারিখ : ১৩ মে,২০১৯

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৯ - ৫৬০

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৫। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৬। চেয়ারম্যান ---------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৭। জনাব ----------------------------------------------------, কালিগঞ্জ, সাতক্ষীরা

সরদার মোস্তফা শাহিন
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা



F:\UDCC\29-04-2019 reg.doc

২৯/০৪/২০১৯ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্ধ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ১ | জনাব সরদার মোস্তফা শাহিন | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ২ | ডাঃ জনাব শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ৩ | জনাব শেখ ফজলুল হক মনি | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | ৪ | ডাঃ জনাব মনোজিৎ মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | ৫ | জনাব মোঃ সাহাবুল আলম | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬. | জনাব নূরমোহাম্মদ বিশ্বাস | চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | ৬ | জনাব মোঃ শফিকুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | ৭ | জনাব জেসিয়া জামান | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ |
| ৮ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | ৮ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব মোঃ আশরাফুল হোসেন | চেয়ারম্যান, রতনপুর ইউপি পক্ষে ইউ,পি সদস্য | ৯ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ১০ | জনাব খলিলুর রহমান | চেয়ারম্যান(ভাঃপ্রাঃ) মৌতলা ইউপি | ১০ | জনাব মোঃ আব্দুল হাকিম | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব লাইলি বেগম | সংরক্ষিত আসনের সদস্য | ১১ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব সিরাজুল ইসলাম | চেয়ারম্যান(ভাঃপ্রাঃ), কুশুলিয়া ইউপি | ১২ | জনাব শারমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৩ | জনাব অমল কান্তি রায় | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ |
| | - | - | ১৪ | জনাব এ এফ এম মাহফুজুল হক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| | - | - | ১৫ | জনাব শেখ মুজিবর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৬ | জনাব মোঃ কামরুল ইসলাম | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৭ | জনাব মোঃ জামিরুল হায়দার | উপজেলা নির্বাচন অফিসার,কালিগঞ্জ |
| | - | - | ১৮ | জনাব তপন জৌতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| | - | - | ১৯ | - | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্ধ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | ১ | জনাব মোঃ আজিজুর রহমান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউ,পি | ২ | উপজেলা সমন্বয়কারী | একটি বাড়ী একটি খামার প্রকল্প কালিগঞ্জ |
| ৩ | জনাব মোঃ আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি | ৩ | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান,তারালি ইউপি | ৪ | উপসহকারী প্রকৌশলী | পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| ৫ | জনাব মাহফুজা খাতুন | সংরক্ষিত আসনের সদস্য | ৫ | - | সহকারী সেটেলমেন্ট অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব প্রভাতী মন্ডল | সংরক্ষিত আসনের সদস্য | ৬ | - | উপজেলা পরিসংখ্যান অফিসার,কালিগঞ্জ |